

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং সেবা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.০২২.০০.০০.০০৮.২০১৭-৪০৬


তারিখঃ ১০ কার্তিক ১৪২৫
২৫ অক্টোবর ২০১৮

বিষয়: নব নিয়োগপ্রাপ্ত ৫০৯২ জন সিনিয়র স্টাফ নার্সদের আগামী ০৮ নভেম্বর ২০১৮ তারিখ পূর্বাঙ্কে যোগদানপত্র গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগরী এবং ঢাকা জেলা ও উপজেলায় পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণ আগামী ০৮ নভেম্বর ২০১৮ তারিখ পূর্বাঙ্কে কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তন, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকায় সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল এর পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন এর মাধ্যমে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

ঢাকা মহানগরী ও ঢাকা জেলা ব্যতিত অন্যান্য মহানগরী এবং জেলায় ও উপজেলায় পদায়নকৃত সিনিয়র স্টাফ নার্সগণ সংশ্লিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেনারেল হাসপাতাল/জেলা সদর হাসপাতাল এর পরিচালক/তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন এর মাধ্যমে মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবর যোগদানপত্র দাখিল করবেন।

উক্ত যোগদান উপলক্ষে ০৮ নভেম্বর ২০১৮ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তন, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে জনাব মোহাম্মদ নাসিম, এমপি, মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকিতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ডাঃ মোঃ শিকুর আহমেদ ওসমানী)
উপসচিব
ফোন: ৯৫৪৫৭৭৯

বিতরণ (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/ অন্যান্য হাসপাতাল.....(সকল)।
- ৪। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল/ জেলা সদর হাসপাতাল..... (সকল)।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।